# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২৯. ৭. ঈশ্বর মানুষের সততা ও মুক্তি চান না বিভ্রান্তি ও ধ্বংস চান?

যিহিষ্কেল ১৮/২৩: "দুষ্টলোকের মরণে কি আমার কিছু সন্তোষ আছে? ইহা প্রভু সদাপ্রভু কহেন; বরং সে আপন কুপথ হইতে ফিরিয়া বাঁচে, ইহাতে কি আমার সন্তোষ হয় না?" যিহিষ্কেল ৩৩/১১: "তুমি তাহাদিগকে বল, প্রভু সদাপ্রভু কহেন, আমার জীবনের দিব্য, দুষ্টলোকের মরণে আমার সন্তোষ নাই; বরং দুষ্টলোক যে আপন পথ হইতে ফিরিয়া বাঁচে, [ইহাতেই আমার সন্তোষ]।"এ থেকে জানা গেল যে, প্রভু ঈশ্বর দুষ্টলোকের ধ্বংস বা ক্ষতি ভালবাসেন না; বরং তিনি ভালবাসেন যে, দুষ্টলোক ভাল হয়ে মুক্তিলাভ করবে। কিন্তু আমরা দেখেছি ঈশ্বর সুপরিকল্পিতভাবে ফেরাউন ও তার কর্মচারীদের মন কঠিন করে মিসরের ধ্বংসযজ্ঞ চালান। যিহোশূয় ১১/২০ বলছে যে, ঈশ্বরই তাদের অন্তর কঠিন করেন এবং তাদেরকে ধ্বংস করেন।

১ তীমথিয় ২/৪ লিখছে: "তাঁহার ইচ্ছা এই, যেন সমুদয় মনুষ্য পরিত্রাণ পায়, ও সত্যের তত্ত্বজ্ঞান পর্যন্ত পৌঁছুতে পারে।" কিন্তু ২ থিষলনীকীয় ২/১১-১২ লিখছে: "আর সেই জন্য ঈশ্বর তাহাদের কাছে ভ্রান্তির কার্যসাধন পাঠান, যাহাতে তাহারা সেই মিথ্যায় বিশ্বাস করিবে; যেন সেই সকলের বিচার হয়, যাহারা সত্যে বিশ্বাস করিত না, কিন্তু অধার্মিকতায় প্রীত হইত।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=14303

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন